

তারিখ: খুলনা, ১১ মার্চ, ২০২০ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

গণহত্যা জাদুঘর পরিদর্শনে ভোরের কাগজের সম্পাদক ও

সর্ব ইউরোপীয় আওয়ামী লীগের সভাপতি

১১ মার্চ ২০২০ বিকালে দক্ষিণ এশিয়ার প্রথম ও একমাত্র গণহত্যা জাদুঘর '১৯৭১ : গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর' পরিদর্শনে আসেন দৈনিক ভোরের কাগজ পত্রিকার সম্পাদক জনাব শ্যামল দত্ত ও সর্ব ইউরোপীয় আওয়ামী লীগের সভাপতি জনাব এম নজরুল ইসলাম। গণহত্যা জাদুঘরে তাঁদেরকে স্বাগত জানান জাদুঘর ট্রাস্টের সভাপতি প্রখ্যাত ইতিহাসবিদ বঙ্গবন্ধু অধ্যাপক ড. মুনতাসীর মামুন ও ট্রাস্টি সম্পাদক ড. চৌধুরী শহীদ কাদের। তাঁরা জাদুঘরের প্রত্যেকটি গ্যালারি ঘুরে ঘুরে দেখেন। জাদুঘরে ১৯৭১ সালের পাকিস্তানি হানাদার বাহিনীর নির্যাতনের চিত্র ও নিদর্শন দেখে আবেগাপ্ত হয়ে পড়েন। জনাব এম নজরুল ইসলাম ইউরোপীয় বিভিন্ন গণহত্যা ও হলোকাস্ট জাদুঘরের সাথে এ গণহত্যা জাদুঘরকে সম্পৃক্তকরণের মাধ্যমে বাংলাদেশের গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি আদায়ে কাজ করবে।

উল্লেখ্য, ২০১৪ সালের ১৭ মে খুলনা শহরে বঙ্গবন্ধু অধ্যাপক মুনতাসীর মামুনের উদ্যোগে এই জাদুঘর প্রতিষ্ঠিত হয়। এই জাদুঘরে ১৯৭১ সালের গণহত্যা-নির্যাতনের নানা দুঃপ্রাপ্য দলিল, নিদর্শন, স্মারক ও স্মৃতিচিহ্ন সংরক্ষিত আছে। সংস্কৃতি মন্ত্রণালয়ের তত্ত্ববধানে গণহত্যা জাদুঘরের স্থায়ী ভবন নির্মাণের কাজ শুরু হওয়ায় খুলনা শহরের ৪২৪/৬, সোনাডাঙ্গা আবাসিক এলাকা (২য় ফেইজ)- এ জাদুঘর ০২ জুলাই ২০১৯ থেকে কার্যক্রম শুরু করে।

সংবাদটি আপনার সংবাদপত্রে প্রকাশের জন্য অনুরোধ করছি।

বার্তা প্রেরক-

মো. রোকনুজ্জামান

ডেপুটি কিউরেটর

১৯৭১ : গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর

মোবাইল: ০১৮৪৩৩৭৭৭৩৩